



প্রেস রিলিজ

৩০ মার্চ, ২০২২

বাউবি'তে একাডেমিক মাস্টার প্লান প্রণয়ন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আজ ৩০ মার্চ বুধবার ২০২২ একাডেমিক মাস্টার প্লান প্রণয়ন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। সকাল ১১.০০ টায় শিক্ষক সেমিনার হলে বাউবি'র প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন-এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। উপাচার্য বলেন, কোন প্রতিষ্ঠানকে পরিকল্পনা অনুযায়ী সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার নির্দেশক হলো মাস্টার প্লান। বাউবি সেই কাজটি করছে এ জন্য বাউবি'র পরিকল্পনা দু'টি ভাগে বিভক্ত করা হয়েছে। একটি শিক্ষা ও অন্যটি ভৌত পরিকল্পনা। এছাড়াও সার্ভিস রুল ও অর্গানোগ্রাম সম্পর্কিত বৃহৎ পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার স্বপ্ন পূরণে বাউবি'কে এগিয়ে নিতে হলে আগামী ৫০ বছরের লক্ষ্য মাত্রাকে সামনে রেখে মাস্টার প্লান নির্ধারণ করতে হবে। বাউবি সেই পথেই হাঁটছে।



কর্মশালায় বক্তব্য রাখছেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

কর্মশালার মূখ্য আলোচক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য ড. বিশ্বজিৎ চন্দ্র বলেন, বাউবিতে ভর্তির ক্ষেত্রে কারো কারো শিক্ষাগত যোগ্যতা কম থাকলেও অভিজ্ঞতাকে বিবেচনায় এনে তাদেরকে কিভাবে পড়াশোনার সুযোগ করে দেয়া যায় সে বিষয়ে ভাবা প্রয়োজন। মধ্যপ্রাচ্যসহ বিদেশের অবস্থানরত প্রবাসী শিক্ষার্থীদেরকে পড়াশোনার সুযোগ দান বাউবি'র একটি যুগান্তকারী পদক্ষেপ। বাউবি থেকে পাশ করা শিক্ষার্থীদের বিদেশে প্রেরণের জন্য প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সাথে বাউবি কর্তৃপক্ষকে যোগাযোগের মাধ্যমে তাদের চাকুরি দিয়ে বিদেশে প্রেরণের উদ্যোগ গ্রহণের তাগিদ দেন তিনি। ড. বিশ্বজিৎ চন্দ্র আরো বলেন, অনেক পুরাতন বিশ্ববিদ্যালয় যে পরিকল্পনা মাথায় আনতে পারেনি বাউবি তা পেয়েছে। কারণ আজকের পরিকল্পনাই বলে দেয় আগামী বাউবি'র লক্ষ্য ও উদ্দেশ্য। পরিকল্পনা মাফিক, সুষ্ঠু ব্যবস্থাপনা ও প্রযুক্তি বান্ধব শিক্ষার মানের সংযুক্তির কারণে বাউবি এগিয়ে যাচ্ছে। তিনি এজন্য বাউবি'কে ধন্যবাদ জানান। কর্মশালায় বাউবি'র প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন পাওয়ার পয়েন্টের মাধ্যমে বাউবি'র ভবিষ্যৎ লক্ষ্য, কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সম্পর্কে একটি মহাপরিকল্পনা তুলে ধরেন।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (প্রশাসন), অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম। কর্মশালায় বিভিন্ন স্কুলের ডিন ও বিভাগীয় প্রধানগণ এবং ভার্সালী আঞ্চলিক কেন্দ্রের পরিচালকগণ ও উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণ সংযুক্ত ছিলেন।

অন্যদিকে, সকালে উপাচার্য মিটিং হলে ট্রেজারার মোস্তফা আজাদ কামাল এর সভাপতিত্বে উদ্ভাবন পরিকল্পনা: ধারণা, কৌশল ও মূল্যায়ন শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। রকমারি ডট কমের চেয়ারম্যান মাহমুদুল হাসান সোহাগ এ কর্মশালার রিসোর্সপার্সন হিসেবে উপস্থিত ছিলেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)
পরিচালক (ভারখাণ্ড)